Cosmo School

## নবম ও দশম শ্রেণি

## বাংলা ১ম পত্র

## অভাগীর স্বর্গ

১. 'কালো আর ধলো বাহিরে কেবল
ভিতরে সবার সমান রাঙা' - চরণ দুটির বক্তব্য অভাগীর স্বর্গ গল্পের কোন দিকটির বিপরীত?
ক) জাতি বৈষম্য
খ) ধনী-দরিদ্র বৈষম্য
গ) শাসক-শাসিত বৈষম্য
ঘ) সামাজিক বৈষম্য

২. নিচের যে বক্তব্যে কাঙালীর 'মাতৃভক্তি' প্রকাশ পায় তা হলো -
i. মা বলে গেছে তেনাকে আগুন দিতে
ii. বাবা এসেছে! পায়ের ধুলো নেবে যে -
iii. তুই বড়ি ত খেলি নে মা, উনুনে ফেলে দিলি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩. কাঙালরি মা চোখের জল মুছতে মুছতে কোথায় গিয়ে উপস্থিত হলো?
ক) শ্মশানে খ) বাজারে
গ) বাড়িতে ঘ) মন্দিরে

৪. অধর রায় বিস্মিত ও ক্রুদ্ধ হলেন কেন?
ক) কাঙালী খাজনা না দেওয়ায়
খ) কাঙালী গাছ চাওয়ায়
গ) কাঙালী বেশি কথা বলায়
ঘ) কাঙালী উপরে উঠে আসায়

৫. রোমাঞ্চ শব্দের অর্থ প্রকাশিত হয়েছে নিচের কোনটিতে?
ক) শিহরণ খ) ব্যথা
গ) কল্পনা ঘ) অলীক ভাবনা

৬. শরৎচন্দ্র কত সালে ডি.লিট উপাধি লাভ করেন?
ক) ১৯৩৩ খ) ১৯৩৬
গ) ১৯৩৯ ঘ) ১৯৪২

৭. 'মুমূর্ষু মাতা সখিনা কিশোর ছেলের ভবিষ্যৎ ভেবে চোখের জল ফেলেন আর ছেলেকে নানা রকম উপদেশ দেন' - এ দৃশ্যপটে 'অভাগীর স্বর্গ' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা হলো -
i. অভাগীর সন্তান বাৎসল্য
ii. অপটু হাতে রান্না দেখে অভাগীর চোখ ছলছল করা
iii. ছেলের ভবিষ্যৎ নিয়ে কাঙালীর মায়ের চিন্তিত হওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৮. জমিদারের কাছারি বাড়ির কর্তা কে?
ক) অধর রায়
খ) ভট্টাচার্য মশায়
গ) ঠাকুরদাস মুখুয্যে
ঘ) দারোয়ানজী

৯. নিচের কোন উক্তিতে 'জাতি বৈষম্য' স্পষ্ট হয়ে উঠেছে?
ক) দুলের মড়ার কাঠ কি হবে শুনি?
খ) ব্যাটাকে গলাধাক্কা দিয়ে বার করে দেত।
গ) হারামজাদা, খাজনা দেয়নি বুঝি?
ঘ) মাকে পোড়াবি ত গাছের দাম পাঁচটা টাকা আন গে।

১০. 'অভাগীর স্বর্গ' গল্পের তাৎপর্য হিসেবে কোনটি সমর্থনযোগ্য?
ক) জীবনচিত্র উপস্থাপন
খ) চরিত্র বর্ণনা
গ) ঘটনা বর্ণনা
ঘ) সমাজচিত্র উপস্থাপন

১১. অন্তরীক্ষ শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক) চাঁদ খ) বিটপ
গ) গগন ঘ) বীচি

১২. 'শরৎ সাহিত্যসমগ্র' গ্রন্থের কোন খন্ড থেকে 'অভাগীর স্বর্গ' নামক গল্পটি সংকলন করা হয়েছে?
ক) প্রথম খন্ড খ) দ্বিতীয় খন্ড
গ) তৃতীয় খন্ড ঘ) চতুর্থ খন্ড

১৩. কাঙালীর মায়ের শ্মশানের কাছে যাওয়ার সাহস না পাওয়ার কারণ হলো সে -

i. চন্ডাল
ii. ছোট জাত
iii. দুলের মেয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. 'অভাগীর স্বর্গ' গল্পের উঁচু জাতের মানুষদের বৈশিষ্ট্য হলো -
i. অহংকারী
ii. নিষ্ঠুর
iii. উদার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৫. ঈশ্বর নাপিত কাঙালীর মায়ের হাত দেখে কী করল?
ক) মুখ গম্ভীর করল খ) হেসে ফেলল
গ) খুশির খবর দিল ঘ) টাকা চাইল

১৬. বৃদ্ধ মুখোপাধ্যায় মহাশয় কিসের কারবারে অতিশয় সঙ্গতিপন্ন হয়েছিলেন?
ক) গমের খ) ধানের
গ) পাটের ঘ) কাঠের

১৭. 'বৈকুন্ঠের উইল' কার রচনা?
ক) মাইকেল মধুসূদন দত্ত
খ) কাজী নজরুল ইসলাম
গ) রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

১৮. গাছ কাটতে গিয়েছে বলে অধর রায় রসিককে বলেছিল -
i. পাজী
ii. হতভাগা
iii. নচ্ছার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯. "ভাগ্যিমানী মা, তুমি সগ্যে যাচ্ছো - আমাকেও আশীর্বাদ করে যাও" - উক্তিটি কার?
ক) কাঙালীর খ) কাঙালীর মার
গ) ঠাকুরদাসের স্ত্রীর ঘ) ঈশ্বর নাপিতের

২০. ঠাকুরদাস মুখুয্যের স্ত্রীর ক্ষেত্রে যে কথাটি প্রযোজ্য -
i. সাত দিনের জ্বরে মারা গেলেন
ii. ঝগড়াটে স্বভাবের ছিলেন
iii. পতিভক্ত নারী ছিলেন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

২১. লেখক অভাগীর বেঁচে থাকাকে এক বিস্ময়ের বস্তু বলেছেন যে কারণে তা হলো -
i. জন্মের পরপরই মা মারা যাওয়ায়
ii. দারিদ্রের নিষ্পেষণে পতিত হওয়ায়
iii. কঠিন রোগ থেকে মুক্তি পাওয়ায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. 'সংস্কার' অর্থ নিচের কোনটি?
ক) বিশ্বাস খ) অবিশ্বাস
গ) জাদুবিদ্যা ঘ) নবলব্ধ ধারণা

২৩. যখন সন্ধ্যার ছায়া নেমে এল তখন জ্বরের ঘোরে অভাগী কাঙালীকে কিসের কাহিনী বলতে লাগল?
ক) ছেলেবেলার কাহিনী
খ) শ্মশানযাত্রারী কাহিনী
গ) কোটালপুত্রের কাহিনী
ঘ) ডালিমকুমারের কাহিনী

২৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত সালে ভাগ্যের সন্ধানে বার্মায় যান?
ক) ১৯০৩ খ) ১৯১৭
গ) ১৯২৯ ঘ) ১৯২৬

২৫. 'আর একটি প্রাণী একটু দূরে থাকিয়া এই দলের সঙ্গী হইল' - কে সে?
ক) কাঙালী খ) কাঙালীর মা
গ) রসিক দুলে ঘ) ঈশ্বর নাপিত

২৬. নিচের কোন শব্দটি দ্বারা খাদ্যদ্রব্যকে বোঝায়?
ক) প্রণামী খ) বসন
গ) বায়েত ঘ) অশন

২৭. 'ব্রাহ্মণ শিবঠাকুরকে শুদ্র ভোলা প্রণাম করতে চাইলে তিনি লাফ দিয়ে সরে পড়েন' - 'শিবঠাকুর' - এর আচরণে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে?
ক) ধনীর নিষ্ঠুর আচরণ

খ) ধনী-দরিদ্র বৈষম্য
গ) জাতিভেদে বিশ্বাস
ঘ) ধনিক শ্রেণির অহংকার

২৮. 'অভাগীর স্বর্গ' গল্পে মায়ের প্রতি একনিষ্ঠতা প্রকাশ পেয়েছে কোন চরিত্রের মাধ্যমে?
ক) কাঙালী খ) বিন্দির পিসী
গ) ঠাকুরদাস মুখুয্যে ঘ) জমিদার

২৯. কাঙালীর মাকে বেগুন নিয়ে হাটে যেতে হয় যে কারণে -
i. গরীব বলে
ii. বেড়াতে যাবে বলে
iii. হাটে কাউকে দিতে যাবে বলে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

৩০. অভাগী যে কারণে কাঙালীর বাবাকে ডেকে আনতে বলেছিল তা হলো -
i. ছেলের মঙ্গল সাধন
ii. পতিভক্তি
iii. স্বর্গে যাবার ইচ্ছা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩১. অধর রায়ের চারিত্রিক বৈশিষ্ট্য কোনটি?
ক) ন্যায়পরায়ণতা খ) কর্তব্যপরায়ণতা
গ) নিষ্ঠুরতা ঘ) ধৈর্যশীলতা

৩২. প্রসন্ন শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক) বিষণ্ন খ) খুশি
গ) মালিন্য ঘ) উচ্ছ্বাস

৩৩. 'এই বার ওর একটু গতি করি দাও বাবা' - 'গতি' কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) থাকা-খাওয়ার খ) জ্ঞান লাভের
গ) স্বর্গ ভোগের ঘ) ধর্ম অনুশীলনের

৩৪. রাখালের মা কাঙালীকে খড়ের আঁটি জ্বেলে দিয়েছিল কেন?
ক) কাঠ পায়নি বলে খ) অভাগীর ইচ্ছায়
গ) ছোট জাত বলে ঘ) এতিম বলে

৩৫. 'দেবদাস' ও 'শ্রীকান্ত' গ্রন্থের মধ্যে সাদৃশ্য রয়েছে -
ক) বিষয়ে খ) চরিত্রে
গ) আঙ্গিকে ঘ) প্রেক্ষাপটে

৩৬. কাঙালী ঊর্ধ্বশ্বাসে দৌড়ে কোথায় এসে উপস্থিত হল?
ক) শ্মশানে খ) কাছারি বাড়িতে
গ) মায়ের কাছে ঘ) বাবার কাছে

৩৭. 'এমন সতীলক্ষ্মী বামুন-কায়েতের ঘরে না জন্মে, ও আমাদের দুলের ঘরে জন্মালে কেন!' - উক্তিটি কার?
ক) বিন্দির পিসীর খ) রাখারের মার
গ) নাপতে বৌদির ঘ) রসিক দুলের

৩৮. শরৎচন্দ্রের জন্ম কত সালে?
ক) ১৮৪৮ খ) ১৮৬৮
গ) ১৮৭৬ ঘ) ১৯০২

৩৯. কাঙালী লোকের মুখে মুখে পেয়াদাদের সম্পর্কে কী শুনেছিল?
ক) পেয়াদারা ঘুষ নেয়
খ) পেয়াদারা চুরি করে
গ) পেয়াদারা কোমল হৃদয়ের হয়
ঘ) পেয়াদারা সত্যবাদী হয়

৪০. কবিরাজের চিকিৎসা ব্যবস্থা হলো -
i. খল
ii. মধু, আদার সত্ত্ব
iii. তুলসী পাতার রস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪১. 'অভাগীর স্বর্গ' গল্পে কাঙালীর ঘন্টা দুয়েকের অভিজ্ঞতা কেমন?
ক) বিরহের খ) আনন্দের
গ) বিরক্তের ঘ) অত্যাচারের

৪২. 'উপকথা' সমাসবদ্ধ শব্দটির ব্যাসবাক্য হচ্ছে -
i. কথার মালা
ii. কথার ডালি
iii. কথার সমীপে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৪৩. 'পুষ্পে, পত্রে, গন্ধে, মাল্যে কলরবে মনে হইল না এ কোনো শোকের ব্যাপার' - এখানে বোঝানো হয়েছে -
i. শোকের অনুপস্থিতি
ii. শবযাত্রার আড়ম্বর
iii. সৎকারের ব্যাপকতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪৪. অভাগীর নাড়ি দেখার পর ঈশ্বর নাপিত -
i. মুখ গম্ভীর করল
ii. দীর্ঘশ্বাস ফেলল
iii. মাথা নেড়ে উঠে গেল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪৫. কে বাঁচলে অভাগীর দু:খ ঘুচবে?
ক) রসিক বাঘ খ) কাঙালী
গ) অধর রায় ঘ) ঠাকুরদাস

৪৬. কাঙালীর মা কখন মারা যায়?
ক) ভোরে খ) দুপুরে
গ) বিকেলে ঘ) রাতে

৪৭. অভাগী ছেলের হাতের আগুনকে কিসের সাথে তুলনা করেছে?
ক) স্বর্গ খ) রথ
গ) হরি ঘ) অমৃত

৪৮. 'অভাগীর স্বর্গ' গল্পে কোন কোন ভাষার প্রয়োগ লক্ষ করা যায়?
i. সাধু
ii. চলিত
iii. আঞ্চলিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪৯. রসিক দুলে স্ত্রীকে পায়ের ধুলে দিতে গিয়ে কেঁদে ফেলল কেন?
ক) নিজের দুর্ভাগ্যের কথা স্মরণ হওয়ায়
খ) স্ত্রীর প্রতি অবহেলার কথা স্মরণ হওয়ায়
গ) কাঙালীর ভবিষ্যৎ দু:খ-কষ্টের কথা ভেবে
ঘ) স্ত্রী হারানোর মর্ম বেদনায়

৫০. রসিক তার স্ত্রীকে -
i. ভালোবাসা দেয়নি
ii. অশন-বসন দেয়নি
iii. খোঁজ-খবর করেনি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫১. কাঙালীর মায়ের নাম কেন অভাগী রাখা হয়েছিল?
ক) জন্মের পূর্বে বাবা মারা যাওয়ায়
খ) জন্মের পর বাবা মারা যাওয়ায়
গ) জন্মের পর মা মারা যাওয়ায়
ঘ) শৈশবে মা মারা যাওয়ায়

৫২. 'অভাগীর স্বর্গ' গল্পে কবিরাজের বাস কোথায়?
ক) পাশের বাড়িতে
খ) পাঁচ বাড়ি পরে
গ) ভিন্ন গ্রামে
ঘ) কাঙালীদের বাড়িতেই

৫৩. 'অভাগীর স্বর্গ' গল্পের গতিশীল চরিত্র কোনটি?
ক) অভাগী খ) কাঙালী
গ) রসিক দুলে ঘ) ঠাকুরদাস মুখোপাধ্যায়

৫৪. অভাগীর মতো সতী লক্ষ্মী দুলের ঘরে না জন্মে বামুন-কায়েতের ঘরে জন্মালে কী হতো?
ক) অনেক স্বর্ণালঙ্কার পেত
খ) সমাজে মর্যাদা পেত
গ) জমির মালিক হত
ঘ) রাজার হালে থাকত

৫৫. 'অভাগীর স্বর্গ' গল্পে ঠাকুরদাস মুখুয্যের বর্ষীয়সী স্ত্রী মারা গিয়েছিল কোন রোগে?
ক) খেতে না পেয়ে খ) জ্বরে
গ) কলেরায় ঘ) বসন্তে

৫৬. 'অভাগীর স্বর্গ' গল্পে কে স্থানীয় লোক নয়?
ক) রসিক দুলে খ) ঠাকুরদাস মুখুয্যে
গ) বিন্দির মা ঘ) জমিদার

৫৭. লেখক কাঁটাযুক্ত শামুক জাতীয় প্রাণী বলতে নিচের কোনটিকে বুঝিয়েছেন?
ক) দুলে খ) টোটকা
গ) গেঁটে কড়ি ঘ) শশব্যস্ত

৫৮. মুখুয্যের স্ত্রীর স্বর্গারোহণ দেখে কাঙালীর মার অবস্থা কেমন হলো?
ক) তার কান্না পেল
খ) আনন্দে আত্মহারা হলো
গ) দেখেই জ্ঞান হারাল
ঘ) বুক ফুলে উঠতে লাগল

৫৯. রসিক দুলে গাছ কাটতে গেলে কে তার গালে সশব্দে চড় কষিয়ে দেয়?
ক) জমিদার খ) অধর রায়
গ) দারোয়ান ঘ) পাঁড়ে

৬০. কার কথা ছেলেমানুষ কাঙালীর বুকে গিয়ে যেন তীরের মতো বিঁধল?
ক) রাখালের মায়ের খ) বিন্দির পিসীর
গ) দারোয়ানের ঘ) অধর রায়ের

৬১. বৃদ্ধ ঠাকুরদাস মহাশয় সান্ত্বনা দিলেন -
i. শোকার্ত কন্যাকে
ii. শোকার্ত পুত্রকে
iii. শোকার্ত পুত্রবধূকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৬২. 'অভাগীর স্বর্গ' গল্পে অধর গাছের দাম কত টাকা চাইল?
ক) দুই টাকা খ) তিন টাকা
গ) চার টাকা ঘ) পাঁচ টাকা

৬৩. হিন্দুধর্মের রীতিনীতি হলো -
i. সন্ধ্যাহ্নিক
ii. জলযোগান্ত
iii. হরিধ্বনি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৬৪. কাঙালী কিছু ছুঁয়ে ফেলেছে কিনা এজন্য অধর রায় কী ছড়িয়ে দিতে বললেন?
ক) গোবর জল খ) পুকুরের জল
গ) গোলাপের জল ঘ) নলকূপের জল

৬৫. 'গ্রামান্তর' সমাসবদ্ধ শব্দটির ব্যাসবাক্য কী?
ক) গ্রামের শেষে খ) গ্রামের মধ্যে
গ) অনেক গ্রাম ঘ) অন্য গ্রাম

৬৬. 'অভাগীর স্বর্গ' গল্পে লেখকের মূল বক্তব্য ফুটিয়ে তোলা হয়েছে -
i. শবযাত্রার পার্থক্য দেখিয়ে
ii. ঠাকুরদাসের কান্নাকাটি দেখিয়ে
iii. জমিদারের ব্যবহার দেখিয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৬৭. মুখুয্যে বাড়ির গৃহকর্ত্রী কী রোগে মারা গেলেন?
ক) জ্বরে খ) ডায়রিয়ায়
গ) জন্ডিসে ঘ) ক্যান্সারে

৬৮. কাঙালীর মা যে ছোট জাত এই বিষয়টি ফুটে ওঠে নিচের যে পঙক্তিতে -
i. শবদেহের কাছে যেতে পারে না
ii. বেগুন তুলে হাটে বিক্রি করে
iii. শবযাত্রা দেখে শোকার্ত হলো
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i ও iii

৬৯. কবিরাজ কাঙালীর মায়ের জন্য কতগুলো বড়ি দিলেন?
ক) গোটা দুয়েক খ) গোটা তিনেক
গ) গোটা চারেক ঘ) গোটা পাঁচেক

৭০. পৃথিবীতে সবাই কেমন?
ক) স্বার্থপর খ) লোভী
গ) মানবদরদি ঘ) চিরস্থায়ী নয়

৭১. 'ওদের গিন্নি মরছে, তুই কেন কেঁদে মরিস মা?' - এখানে কাদের কথা বলা হয়েছে?
ক) ব্রাহ্মণদের খ) ক্ষত্রিয়দের
গ) বৈশ্যদের ঘ) শূদ্রদের

৭২. কোন কথা স্মরণ করে অভাগীর চোখ দিয়ে জল পড়তে লাগল?
ক) দু:খের কথা
খ) উৎপাত-উপদ্রবের কথা
গ) নিজের মৃত্যুর কথা
ঘ) স্বামীর সাথে বিচ্ছেদের কথা

৭৩. কাঙালী কিসের অভাবে মায়ের সৎকার করতে পারেনি?

ক) চন্দনের অভাবে খ) কাঠের অভাবে
গ) স্থানের অভাবে ঘ) ব্রাহ্মণের অভাবে

৭৪. মৃত ব্যক্তির অন্ত্যেষ্টিক্রিয়ার উপকরণসমূহ -

i. কাঠ ও চন্দনের টুকরা
ii. ঘৃত, মধু ও আলতা
iii. ধূপ, ধুনা ও সিঁদুর
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৭৫. 'অভাগীর স্বর্গ' গল্পে নিম্নলিখিত চিত্র পাওয়া যায় -

i. বসন্তে বনে বনে নতুন পাতা আর পুষ্পমঞ্জরির সমারোহ
ii. প্রবল হরিধ্বনিতে প্রভাত-আকাশ আলোড়িত করিয়া সমস্ত গ্রাম সঙ্গে সঙ্গে চলিল
iii. শীতের পত্রহীন ডালপালা কেমন হিজিবিজি রেখা এঁকে দিয়েছে ওর মুখে
নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iiii

৭৬. কিসে চড়ে বামুন মা স্বর্গে যাচ্ছেন বলে কাঙালীর মা মনে করে?

ক) গজে খ) রথে
গ) ঘোড়ায় ঘ) হাওয়ায়

৭৭. 'অভাগীর স্বর্গ' গল্পে মুখোপাধ্যায় মহাশয়ের ছিল -

ক) দুই ছেলে দুই মেয়ে
খ) তিন ছেলে দুই মেয়ে
গ) চার ছেলে তিন মেয়ে
ঘ) চার ছেলে চার মেয়ে

৭৮. রসিক বেল গাছটি কী কাজে ব্যবহার করতে চেয়েছিল?

ক) অভাগীর শবদাহ
খ) ঘরবাড়ি তৈরি
গ) রান্নার কাঠ সংগ্রহ
ঘ) কাঙালীর জন্য

৭৯. হিন্দুধর্ম মতে, স্বর্গে যাওয়ার জন্য অপরিহার্য -

i. পুত্রের হাতের মন্ত্রপুত আগুন
ii. শ্মশানে মৃতদেহ পোড়ানো
iii. প্রশস্ত ও পর্যাপ্ত চিতা
নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৮০. 'অভাগীর স্বর্গ' গল্পে শবযাত্রা দেখে আরেকবার স্বামীগৃহে যাত্রা করছে এমন মনে হওয়ার কারণ কী?

ক) শবদেহের সাজসজ্জা দেখে
খ) লোকজনের কান্নাকাটি দেখে
গ) কপালে সিঁদুর দেখে
ঘ) পায়ের আলতা দেখে

৮১. কাঙালীল আচরণে প্রকাশিত হয়েছে -

i. মায়ের প্রতি ভালোবাসা
ii. মায়ের প্রতি নিষ্ঠুরতা
iii. মায়ের সাথে চালাকি
নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii
গ) iii ঘ) i ও ii

৮২. 'মুষ্টিযোগ' মানে কী?

ক) ভিক্ষাবৃত্তি খ) টোটকা চিকিৎসা
গ) কৃপণ ঘ) শক্তিশালী

৮৩. সন্তানের কোন বিষয়ে পিতামাতার মূঢ়তায় বিধাতাপুরুষ অন্তরীক্ষে থেকে তীব্র প্রতিবাদ করেন?

ক) নামকরণে খ) স্কুল নির্বাচনে
গ) শিক্ষাগ্রহণে ঘ) পোশাক নির্বাচনে

৮৪. 'পাঁড়ে, ব্যাটাকে গলাধাক্কা দিয়ে বার করে দে ত!' - এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?

ক) শত্রুতা
খ) জাতি বৈষম্য
গ) উপযুক্ত শাস্তি বিধান
ঘ) সাম্প্রদায়িকতা

৮৫. 'মাকে বিশ্বাস করাই তাহার অভ্যাস' - কার?

ক) অভাগীর খ) অধরের
গ) কাঙালীর ঘ) রসিকের

৮৬. 'অভাগীর স্বর্গ' গল্পে কবিরাজ কাঙালীর সাথে যেতে রাজি হলো না, কারণ -

i. পয়সা নেই
ii. জামা-কাপড় নোংরা
iii. দেখতে অসুন্দর
নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৮৭. কাঙালীদের কুটির প্রাঙ্গণে কী গাছ ছিল?
ক) আমগাছ খ) চন্দনগাছ
গ) জামগাছ ঘ) বেলগাছ

৮৮. বৃদ্ধ মুখোপাধ্যায়ের স্ত্রীর মৃত্যুতে শোকের ব্যাপার মনে হলো না কেন?
ক) স্বজনরা কান্নাকাটি না করায়
খ) উৎসবের আতিশয্যের কারণে
গ) অতি বৃদ্ধ হয়ে মারা যাওয়ায়
ঘ) শ্রাদ্ধের আয়োজন করায়

৮৯. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোন জেলায় জন্মগ্রহণ করেন?
ক) বর্ধমান খ) হুগলি
গ) বরিশাল ঘ) ফরিদপুর

৯০. কোন শ্রেণিতে পড়ার সময় শরৎচন্দ্রের ছাত্রজীবনের অবসান ঘটে?
ক) এফ.এ খ) বি.এ
গ) বি.কম ঘ) এম.এ

৯১. গল্প, উপন্যাস রচনার পাশাপাশি শরৎচন্দ্র কী রচনা করেন?
ক) প্রবন্ধ খ) গবেষণা গ্রন্থ
গ) নাটক ঘ) কবিতা

৯২. 'সব ব্যাটারই এখন বামুন-কায়েত হতে চায়।' - কথাটি কে বলেছিল?
ক) মুখোপাধ্যায় মহাশয়
খ) ভট্টাচার্য মহাশয়
গ) অধর রায়
ঘ) মুখোপাধ্যায়ের বড় ছেলে

৯৩. মৃত্যুপথযাত্রী অভাগী তার অবশ বাহু শয্যার বাইরে বাড়িয়ে হাত পাতল কেন?
ক) স্বামীর পায়ের ধুলো নিতে
খ) পানির গ্লাস হাতে নিতে
গ) ঔষধ হাতে নেবার জন্যে
ঘ) স্বামীর হাত ধরার জন্য

৯৪. 'যারা নদীতে মাছ ধরে' তাদের কী বলা হয়?
ক) কামার খ) কৈবর্ত
গ) কুমার ঘ) নরসুন্দর

৯৫. 'অভাগীর স্বর্গ' গল্পে কাঙালী স্তব্ধ হয়ে চেয়ে রইল -
ক) পেছন পানে খ) সামনের দিকে
গ) নিচের দিকে ঘ) ঊর্ধ্বদৃষ্টে

৯৬. বিন্দির পিসী উত্তরীয় কেনার জন্য পিতলের কাঁসাটি কয় টাকায় বাঁধা দিয়েছিল?
ক) এক টাকায় খ) দুই টাকায়
গ) তিন টাকায় ঘ) চার টাকায়

৯৭. অভাগী গ্রামে পড়ে রইল -
i. দৈন্য নিয়ে
ii. স্বামীকে নিয়ে
iii. শিশুপুত্র কাঙালীকে নিয়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৯৮. 'ইচ্ছা হইল ছুটিয়া গিয়া একবিন্দু আলতা মুছাইয়া লইয়া মাথায় দেয়' - কাঙালীর মা এই ইচ্ছা পূরণ করতে পারে না কেন?
ক) লোকলজ্জায়
খ) লোকভয়ে
গ) ছোট জাত হওয়ায়
ঘ) দরিদ্র হওয়ায়

৯৯. 'মহেশ' গল্পটির লেখক কে?
ক) কাজী নজরুল ইসলাম
খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ঘ) প্রমথ চৌধুরী

১০০. অসুখের সময় অভাগীকে যারা দেখতে এসেছিল তাদের সে তার কোন অভিলাষ ব্যক্ত করেছে?
ক) পুত্রের হাতের আগুন পাওয়ার
খ) সুচিকিৎসা পাওয়ার
গ) রসিক দুলেকে দেখতে চাওয়ার
ঘ) দামি শাড়ি পরতে চাওয়ার